পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 347 Wednesday, 20 November, 2024 ❋ ২৯ বর্ষ, ৩৪৭ সংখ্যা ❋ ৪ অগ্রহায়ণ ১৪৩১, বুধবার, ২০ নভেম্বর, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

থ্রেট কালচারে অভিযুক্ত সাময়িক বরখাস্ত ৫ ছাত্রকে বড় নির্দেশ কলকাতা হাইকোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ নভেম্বরঃ উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে 'থ্রেট কালচারের' অভিযোগ। আদালতের দ্বারস্থ সাসপেন্ড হওয়া পাঁচ ছাত্র। পাঁচ ছাত্রকে ক্লাস করার এবং পরীক্ষায় বসার অনুমতি দিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত। তবে ক্লাসে যোগ আর পরীক্ষায় বসা ছাড়া আর কোনও কাজের জন্য কলেজে যাবেন না পাঁচ ছাত্র। সেটাও স্পষ্ট করে দিয়েছেন বিচারপতি। মঙ্গলবার শুনানির সময়ে সাসপেন্ডেড ছাত্ররা আদালতে সওয়াল করেন, কোনও নিয়ম না মেনে ৬ মাসের জন্য তাঁদের সাসপেন্ড করেছে কলেজ। অ্যান্টি র‍্যাগিং কমিটির মতামত না নিয়েই

সাসপেন্ড করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে দাবি। তাঁরা বলেন, ''আমাদের আত্মপক্ষ সমর্থনের কোনও সুযোগ দেওয়া হয়নি।'' সাসপেন্ডের বিজ্ঞপ্তি খারিজ করারও আবেদন করেন তাঁরা। পাল্টা উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের বক্তব্য, কলেজের উচ্চপদস্থ কর্তাদের ১০ ঘণ্টারও বেশি সময় ঘেরাও করে রাখা হয়েছিল। সে সময়ে কর্তৃপক্ষের তরফে বেশ কিছু প্রতিশ্রুতি দেওয়া হয়। তারপর ঘেরাও ওঠে। কলেজ কর্তৃপক্ষের বক্তব্য, ''আমরা চাপের মুখে তক্ষুনি সিদ্ধান্ত নিতে বাধ্য হই। তা না হলে আমরা যদি হাসপাতাল বন্ধ করে দিতাম তাহলে রোগীরা ক্ষতিগ্রস্ত হতেন। আর কোনও বিকল্প না থাকায় আমরা বিক্ষোভকারীদের দাবি অনুযায়ী পদক্ষেপ করি।'' আদালতে কলেজ কর্তৃপক্ষ এটাও জানায়, ''অভিযোগ পাওয়ার পর আমরা অভিযোগের গুরুত্ব খতিয়ে দেখি। তারপর অনুসন্ধান কমিটি করতে হয়। সাসপেন্ড হওয়া ছাত্রদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া সম্ভব হয়নি।'' তখন রাজ্যের তরফে বলা হয়, কলেজে কর্তৃপক্ষকে বেলাগাম গতিতে কাজ করতে হয়েছে। ৫ সপ্তাহ পরে ফের শুনানি।

দুর্ঘটনা ঘটলেই খুনের ধারা!

সরকারের নয়া পরিবহণ নীতি বদলের দাবি বেসরকারি বাস সংগঠনগুলির

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ নভেম্বরঃ বাসের রেষারেষি বন্ধে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর বা আদর্শ আচরণবিধি আনতে চলেছে রাজ্য। ইতিমধ্যে বেপরোয়া ভাবে গাড়ি চালালে খুনের মামলা করা হবে বলেও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এমনকি, নিয়ম না মানলে বাসচালকদের কমিশন বন্ধ করে দেওয়ার কথাও বলেছেন পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। সরকারের এহেন কড়া অবস্থান নিয়ে রীতিমতো শঙ্কিত বাস মালিকদের সংগঠনগুলি। তাঁদের বক্তব্য, কিছু বেপরোয়া চালকদের জন্য বাকিদেরও কঠিন শাস্তির মধ্যে ফেলা ঠিক নয়। তাঁদের মতে, ''একাংশ চালক রেষারেষি করে ঠিকই, কিন্তু চালকের ভুলেই যে সব সময় দুর্ঘটনা ঘটে তা কিন্তু নয়। বহুক্ষেত্রে দুর্ঘটনার নেপথ্যে থাকে পথচারী বা অন্য গাড়ির ত্রুটিও।'' সম্প্রতি সল্টলেকে বাসের রেষারেষিতে এক স্কুল ছাত্রের মৃত্যু হয়। এরপরই মুখ্যমন্ত্রীর নির্দেশে বৈঠক ডেকে বাসের রেষারেষি বন্ধে একাধিক পদক্ষেপের কথা জানান পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী এবং কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। সিটি সুবারবান বাস সার্ভিসেসের সাধারণ সম্পাদক টিটু সাহা বলেন, ''দুর্ঘটনা হলেই চালকের বিরুদ্ধে খুনের মামলা রুজুর যে কথা বলা হয়েছে, সেটা বিবেচনার আর্জি জানানো হবে।'' তাঁর ব্যাখ্যা, ''এমনিতেই বাস চালাতে গিয়ে পথ দুর্ঘটনায় মৃত্যু হলে চালকদের লাইসেন্স ৬ মাসের জন্য সাসপেন্ড করা হয় এই নিয়ম আগে থেকেই রয়েছে। ফলে সংশ্লিষ্ট চালকের পরিবারের ভারও মালিকের ওপর এসে পড়ে। তারপরও নতুন করে শাস্তির ব্যবস্থা করলে আমাদের অবস্থা আরও করুণ হবে।'' খুনের মামলা রুজুর পরিবর্তে সরকার এ ব্যাপারে চালকদের সচেতনতায় প্রতি মাসে একটি করে শিবির করুক বলে দাবি বাস সংগঠনের। ওয়েস্টবেঙ্গল বাস অ্যান্ড মিনি বাস ওনার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রদীপনারায়ণ বসু বলেন, ''সরকার যেভাবে খুনের ধারা রুজু করার কথা বলছে, তাতে তো ভয়ে কেউ বাস চালাতে চাইবে না। কারণ, সবসময় যে চালকদের দোষ থাকে তা কিন্তু নয়।'' তবে এ ব্যাপারে সরকার কী সিদ্ধান্ত নিচ্ছে তা দেখেই পরবর্তী পদক্ষেপ করা হবে বলে জানিয়েছেন তাঁরা।

কলকাতাও পিছিয়ে নেই! দূষণ রোধে অ্যাকশন প্ল্যান তৈরির পরামর্শ কেন্দ্রের, চিঠি সব রাজ্যকে

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ নভেম্বরঃ দিল্লির মাত্রাছাড়া দূষণ ইতিমধ্যে আতঙ্কের পরিবেশ তৈরি করেছে। তবে দূষণের নিরিখে কলকাতার অবস্থাও বিশেষ ভাল নয়। কেন্দ্রের তরফে চিঠি পাঠিয়ে এ ব্যাপারে সতর্ক করা হল। এ ব্যাপারে দূষণ নিয়ন্ত্রণে পশ্চিমবঙ্গ-সহ প্রতিটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে চিঠি পাঠিয়ে সতর্ক করল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। দূষণ রোধে অ্যাকশন প্ল্যান তৈরির পরামর্শও দেওয়া হয়েছে কেন্দ্র থেকে। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পুণ্যসলিলা শ্রীবাস্তবের তরফে রাজ্যগুলিকে সতর্ক করে চিঠিতে লেখা হয়েছে, উত্তরোত্তর বায়ুদূষণের মাত্রা বৃদ্ধি পাওয়ায় স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা আগের তুলনায় অনেকখানি বেড়ে গিয়েছে। এর ফলে শ্বাসযন্ত্রের পাশাপাশি কার্ডিয়োভাস্কুলার এবং সেরিব্রোয়ার ভাস্কুলার সিস্টেমেও বড়সড় সমস্যা তৈরি হতে পারে বলে সতর্ক করা হয়েছে। এ ব্যাপারে প্রতিটি রাজ্যকে নিজেদের স্বাস্থ্য ব্যবস্থাকে উন্নত করার পারমর্শ দিয়েছে কেন্দ্র। যাতে দূষণের ফলে যে ধরনের শারীরিক সমস্যা তৈরি হচ্ছে তার মোকাবিলা করা যায়। এজন্য প্রয়োজনীয় অ্যাকশন প্ল্যান তৈরির পরামর্শও দিয়েছে কেন্দ্র। সূত্রের খবর, দূষণ নিয়ে আগেই একাধিক পদক্ষেপ নিয়েছিল রাজ্য। কেন্দ্রের চিঠির পর আবার এ ব্যাপারে নতুন করে তৎপরতা শুরু হয়েছে।

মন্দারমণির কোনও হোটেলে বুলডোজার চলবে না

জানাল নবান্ন, জেলা প্রশাসনের ভূমিকায় ক্ষুব্ধ মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ নভেম্বরঃ নভেম্বরের মধ্যে মন্দারমণির ১৪০টি হোটেল ভেঙে ফেলার নির্দেশ দিয়েছিল জেলা প্রশসান। ইতিমধ্যে ৩০টি হোটেলকে চিহ্নিতও করেছে তারা। বিষয়টি জানতে পেরে যারপরনাই ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্ন সূত্রের খবর, এদিন মমতা বন্দ্যোপাধ্যায় জেলা প্রশাসনের এহেন নির্দেশ শোনার পর স্তম্ভিত হয়ে যান। প্রশাসনের এক কর্তার কথায়, মুখ্যসচিবের সঙ্গে আলোচনা না করে জেলা প্রশাসন একতরফাভাবে কী করে এত বড় সিদ্ধান্ত নিল, তা নিয়ে রীতিমতো ক্ষোভ প্রকাশ করেছেন তিনি। একই সঙ্গে অবিলম্বে জেলা প্রশাসনকে এই সিদ্ধান্ত প্রত্যাহারের নির্দেশও দিয়েছেন। দিঘার তুলনায় মন্দারমণি অনেকটাই নিরিবিলি। ফলে ছুটি পেলেই অনেকের গন্তব্য থাকে মন্দারমণি। বছরভরই পর্যটকদের আনাগোনা লেগে থাকে। সেই সূত্রে মন্দারমণিতে হোটেল সংখ্যাও

নেহাত কম নয়। সম্প্রতি ১৪০টি বেআইনি হোটেল ভেঙে ফেলার নোটিস জারি করে জেলা প্রশাসন। প্রশাসনের এহেন সিদ্ধান্তের ফলে বিপাকে পড়েন ব্যবসায়ীরা। তাঁরা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। হোটেল ব্যবসায়ীরা জানিয়েছেন হোটেল ব্যবসার সঙ্গে লক্ষাধিক মানুষের রুজি রোজগার জড়িয়ে আছে। এখন এগুলি ভেঙে দিলে তাঁদের ভবিষ্যত অথৈ জলে পড়বে। মন্দারমণি হোটেল ইয়ারস অ্যাসোসিয়েশনের সভাপতি মির মমরেজ আলি জানিয়েছেন সরকার পক্ষের কাছে আবেদন থাকবে এত লক্ষ লক্ষ মানুষের রোজগার তারা হারাবে পুনর্বিবেচনা করে দেখা হোক। সূত্রের খবর, বিষয়টি জানার পরই এ ব্যাপারে জেলা প্রশাসনের ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন রাজ্যের প্রশাসনিক প্রধান। প্রতিটি হোটেলে গড়ে ১০ জন করে কাজ করলে ১৪০টি হোটেলের সঙ্গে ১৪০০ পরিবার জড়িয়ে রয়েছে। এভাবে রাতারাতি সকলকে পথে বসানোর সিদ্ধান্ত মেনে নেওয়া সম্ভব নয় বলে জানিয়ে দেন। মুখ্য সচিবের সঙ্গে আলোচনা না করেই জেলা প্রশাসন কীভাবে এই সিদ্ধান্ত নিল তাও জানতে চান। একই সঙ্গে অবিলম্বে হোটেল ভাঙার সিদ্ধান্ত বাতিলের নির্দেশ দিয়েছেন রাজ্যের প্রশাসনিক প্রধান। মুখ্যমন্ত্রীর এমন নির্দেশ শোনার পর স্বস্তির শ্বাস মন্দারমণির হোটেল ব্যবসায়ী ও কর্মচারীদের মধ্যে।

খোঁজ মিলল সেই স্কুটির, কসবা কাণ্ডে চাঞ্চল্যকর মোড়

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ নভেম্বরঃ কসবার গুলি কাণ্ডে, সেই চর্চিত স্কুটির খোঁজ মিলল। ঘটনাস্থল থেকে মাত্র ১.৪ কিলোমিটার দূরে উদ্ধার হল স্কুটি। পুলিশের অনুমান আগে থেকে লোকেশন রেইকি করে রেখেছিল স্কুটি চালক। কারণ সিসি ক্যামেরা ছাড়া এলাকা ও নির্জন এলাকা বাছাই করা সম্ভব হত না দ্রুত। তাই এলাকা বাছাই করা ছিল আগে থেকেই। স্কুটারে নম্বর খতিয়ে দেখে তদন্তকারীরা জানতে পারে আদতে ওই নম্বর ব্যবহৃত স্কুটারের নয়। হামলার ঘটনায় ব্যবহৃত স্কুটারের নম্বর আগে থেকে পাল্টে অন্য একটি স্কুটারের নম্বর লাগিয়ে দেয় গুলজার। তদন্তকারীরা আরও জানতে পেরেছেন, গুলজার ওই স্কুটারটি বেশ কিছু দিন আগে এক ব্যক্তির থেকে কিনেছিল। যার কাছ থেকে স্কুটার কিনেছিল, তাঁকে ইতিমধ্যে চিহ্নিত করে জিজ্ঞাসাবাদ করছে তদন্তকারীরা। কবে বিক্রি করেছিলেন, কত টাকা দিয়ে বিক্রি করেছিলেন, নম্বর আগেই চেঞ্জ করা হয়েছিল কিনা জানার চেষ্টা করা হচ্ছে। এই স্কুটির সূত্র ধরেই অপরাধীর কাছে পৌঁছতে চাইছেন তদন্তকারীরা।

২৫ হাজার ভুয়ো ভোটার কার্ড পেল কমিশন

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ নভেম্বরঃ পশ্চিমবঙ্গের নির্বাচনী প্রক্রিয়ায় একটি বড়সড় গোলমাল ফাঁস হয়েছে। নির্বাচন কমিশন সম্প্রতি রাজ্যের ২৯৪টি বিধানসভা কেন্দ্রের মধ্যে ১১টি কেন্দ্র থেকে ২৫ হাজারেরও বেশি ভোটার কার্ডে একই আইডেন্টিফিকেশন নম্বর থাকার ঘটনা আবিষ্কার করেছে। এই খবরে নতুন করে বিরোধীরা রাজ্যে ভুয়ো ভোটারদের উপস্থিতি নিয়ে সরব হয়েছে। নির্বাচন কমিশনের খোঁজে উঠে এসেছে বাগদা, মাঝিয়ালী, রাজরহাট-গোপালপুর, ক্যানিং পূর্ব, বারুইপুর পূর্ব ও পশ্চিম, কুসিয়ং, শিলিগুড়ি এবং ফালাকাটার মতো কেন্দ্রগুলিতে একই আইডেন্টিফিকেশন নম্বরের একাধিক ভোটার কার্ডের অস্তিত্ব। বিশেষ করে, সীমান্তবর্তী দুটি কেন্দ্র বাগদা দক্ষিণ (উত্তর ২৪ পরগনা) এবং মাটিগাড়া-নকশালবাড়ি (দার্জিলিং) এলাকায় এই ভুয়ো কার্ডের সংখ্যা অত্যধিক বলে জানা গেছে। নির্বাচন কমিশনের এক আধিকারিক বলেন, ''আইডেন্টিফিকেশন নম্বর স্বয়ংক্রিয়ভাবে তৈরি হয় এবং এটি একক হওয়ার কথা। একই নম্বর একাধিক কার্ডে পাওয়া যাওয়ার সম্ভাবনা অত্যন্ত কম।'' নির্বাচন কমিশন ভুয়ো কার্ড সনাক্ত করতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ব্যবহার করছে। নামের সামান্য বানান পরিবর্তন বা প্রায় মিল থাকা ছবিগুলি সনাক্ত করার মাধ্যমে



ডুপ্লিকেট কার্ড শনাক্ত করা হচ্ছে। তবে সবচেয়ে বড় উদ্বেগ হল একাধিক কার্ডে ক্লোন আইডেন্টিফিকেশন নম্বর পাওয়া। কমিশন জানিয়েছে, এই ডুপ্লিকেট কার্ডগুলি হয় মানবীয় ভুলের কারণে হয়েছে, অথবা এটি কোনো পরিকল্পিত ষড়যন্ত্রের অংশ হতে পারে, যেখানে বিদেশিদের ভারতীয় নাগরিক হিসেবে দেখানোর চেষ্টা করা হচ্ছে। এ ব্যাপারে তদন্ত চলছে। কমিশন ১১ নভেম্বর প্রকাশিত খসড়া ভোটার তালিকায় ৭.৪ কোটি ভোটারের নাম অন্তর্ভুক্ত করেছে। এর মধ্যে ১৬ লক্ষ নাম সংশোধন বা বাতিল করা হয়েছে। একই সঙ্গে, প্রাক-সংশোধনী পর্যায়ে ৬.২ লক্ষ নতুন নাম যোগ করা হয়েছে এবং ৪.৫ লক্ষ নাম বাদ দেওয়া হয়েছে। এই ঘটনার পর, বিজেপি নেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন যে রাজ্যে প্রায় ১৬ লক্ষ ভুয়ো ভোটার রয়েছে। তিনি রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক আরিজ আফতাবের সঙ্গে দেখা করে এই বিষয়ে তদন্তের দাবি জানান। নির্বাচন কমিশন প্রতিটি কেন্দ্রের প্রশাসনকে নির্দেশ দিয়েছে এই ভুয়ো কার্ডগুলিকে শারীরিকভাবে যাচাই করে তালিকা থেকে বাদ দেওয়ার জন্য। চূড়ান্ত ভোটার তালিকা ৫ জানুয়ারি, ২০২৫ তারিখে প্রকাশিত হবে। তবে কমিশনের মতে, এই ধরনের ভুয়ো কার্ড অন্যান্য কেন্দ্রেও পাওয়া যেতে পারে। এই ঘটনা নিয়ে রাজ্যের সাধারণ মানুষ এবং রাজনৈতিক দলগুলির মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। ভোটার তালিকার স্বচ্ছতা রক্ষায় কমিশনের উদ্যোগ প্রশংসনীয় হলেও, ভুয়ো ভোটারদের চিহ্নিত করতে আরও কঠোর পদক্ষেপ গ্রহণের প্রয়োজন।

বিএসএফের গুলিতেই ভেস্তে গেল প্ল্যান

প্রায় ৫ কোটির সোনা বাংলাদেশে যাওয়ার আগেই গ্রেফতার সিভিল ইঞ্জিনিয়র

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ নভেম্বরঃ ফের বড় সাফল্য সীমান্ত রক্ষী বাহিনীর। প্রায় সাড়ে চার কোটি টাকার সোনা-সহ ধরা পড়ল এক সিভিল ইঞ্জিনিয়র। তাঁর কাছ থেকে ৫.৯ কেজি সোনা উদ্ধার হয়েছে বলে জানা যাচ্ছে। যার বাজার মূল্য ৪.৩৬ কোটি টাকা। চাঞ্চল্যকর ঘটনা তেঁতুলবেরিয়া বর্ডার ফাঁড়ির অন্তর্গত আঁচলপাদা গ্রামে। জানা যাচ্ছে, ওই গ্রামে সোনা মজুতের খবর গোপন সূত্রে এসে পৌঁছায় বিএসএফের কাছে। তারপরই অভিযান। আর তাতেই মেলে সাফল্য। বিএসএফ সূত্রে খবর, এই বিপুল পরিমাণ সোনা ওই গ্রাম থেকে বাংলাদেশে পাচারের তোড়জোড় চলছিল। কিন্তু, সীমান্ত রক্ষীর হস্তক্ষেপে ভেস্তে যায় সেই ছক। এদিকে বিএসএফ

জওয়ানরা ওই সিভিল ইঞ্জিনিয়রের বাড়িতে হানা দিলে আগেই আবার সেই খবর পেয়ে যায় ওই ব্যক্তি। জওয়ানদের আসতে দেখে চম্পটও দেয়। তখনই আকাশের দিকে তাক করে গুলি চালান বিএসএফ জওয়ান। কাণ্ড দেখে পালাতে গিয়ে হকচকিয়ে যান ওই ব্যক্তি। তখনই তাঁকে পাকড়াও করেন জওয়ানরা। তাঁর বাড়ি থেকে ৫.৯ কেজি ওজনের ৫০টি সোনার বিস্কুট উদ্ধার হয়েছে বলে জানা যাচ্ছে। যার বাজার মূল্য ৪.৩৬ কোটি টাকা। প্রাথমিক তদন্তে অনুমান, দ্রুত উপার্জনের রাস্তা খুঁজতেই চোরাচালানের রাস্তা ধরেন ওই ব্যক্তি। এই সোনা তিনি অন্য জায়গা থেকে এনে তিনি নিজের বাড়িতে রেখেছিলেন বলে খবর। ডেলিভারি সম্পূর্ণ হলে পেতেন টাকা। প্রতি ডেলিভারির জন্য ৫০০ থেকে ১০০০ টাকা পর্যন্ত বরাদ্দ থাকে বলে খবর।

মহারাষ্ট্রে ভোটের আগে হোটেলে বসে ১৫ কোটি টাকা বিলি! অভিযুক্ত বিজেপি নেতা

পালঘর (মহারাষ্ট্র), ১৯ নভেম্বরঃ বুধবার মহারাষ্ট্রের ভোট। তার আগে বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিনোদ তাওড়ের বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ তুলে সরব হয়েছে বহুজন বিকাশ আঘোড়ী। ভোট কেনার জন্য টাকা বিলি করছেন বিজেপি নেতা, অভিযোগ এমনই। ভোট কেনার জন্য ৫ কোটি টাকা বিলি করার চেষ্টা করেছেন রাজ্যের ওই প্রাক্তন মন্ত্রী বলে দাবি করা হয়েছে। এই কারণে তাঁকে ঘেরাও করে বিক্ষোভও দেখানো হয়। পালঘর জেলায় বহুজন বিকাশ আঘোড়ীর প্রধান হিতেন্দ্র কুমারের বেশ দখল রয়েছে। তিনি ভাসাইয়ের বিধায়কও বটে। তিনি বিনোদ তাওড়ের বিরুদ্ধে অভিযোগ তুলে বলেছেন, নির্বাচনের আগে মানুষের ভোট কেনার জন্য ৫ কোটি টাকা বিলি করার চেষ্টা করেছেন বিনোদ। পালঘরের বিরারে একটি হোটেলে বসে এই কাজ করছিলেন তিনি বলে দাবি। এই কারণে হোটেলের ঘরেই কার্যত বচসা এবং সংঘর্ষে জড়ান বিজেপি এবং বহুজন বিকাশ আঘোড়ীর সদস্যরা। হিতেন্দ্রর ছেলে তথা নালাসোপাড়ার বিধায়ক ক্ষিতিশ ঠাকুর এবং তাঁর দলবল হোটেলে গিয়ে বিজেপি বিধায়ককে ঘেরাও করেন। ক্ষিতিশ ওই ঘর থেকে একটি ডায়েরি উদ্ধার করেছেন এবং তাতে ১৫ কোটি

মামলা কমিশনের

টাকা আনার উল্লেখ আছে বলেও জানিয়েছেন। তাঁর বক্তব্য, নালাসোপাড়ার বিজেপি প্রার্থী রাজন নায়েকের সমর্থনে এই টাকা বিলি করার জন্য আনা হয়েছিল। কাকে কত টাকা দেওয়া হবে সে তথ্য নাকি ওই ডায়েরিতে লেখা রয়েছে। হিতেন্দ্র জানান, তাঁর কাছে খবর আসে পালঘরের হোটেলে বিজেপির তরফে টাকা বিলি করা হচ্ছে। সেই খবর পেয়েই তিনি ছেলেকে লোকজন নিয়ে ওই হোটেলে যেতে বলেন। হোটেলের সিসিটিভি ক্যামেরাও বেশ কয়েক ঘণ্টা বন্ধ ছিল বলে অভিযোগ। দাবি, হোটেল কর্তৃপক্ষও এই ঘটনায় জড়িয়ে আছে। ইতিমধ্যে এই ঘটনায় নির্বাচন কমিশন বিজেপি নেতার বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে। তাঁর হোটেলের ঘর থেকে কয়েক লক্ষ টাকা নগদ টাকা উদ্ধারও করা হয়েছে। একটি ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে যেখানে দেখা যাচ্ছে, বিজেপি নেতাকে ঘিরে রয়েছে বিরোধী জোটের কর্মী-সদস্যরা এবং তাঁর ব্যাগ থেকে টাকা নগদ টাকা বের করা হচ্ছে। যদিও নিজের বিরুদ্ধে ওঠা সব অভিযোগ অস্বীকার করেছেন বিজেপি নেতা তাওড়ে। তাঁর কথায়, ৪০ বছর ধরে তিনি রাজনীতি করছেন। যাঁরা তাঁর বিরুদ্ধে অভিযোগ করছেন তাঁরাও তাঁকে খুব ভাল করেই চেনেন। তাই অভিযোগের কোনও ভিত্তি নেই। ওদিকে বিজেপির দাবি, ভোটে হারবে জেনে বিরোধীরা এইসব ভিত্তিহীন অভিযোগ করছে। বিষয়টা হাস্যকর।

তিরুপতির অহিন্দু কর্মচারীদের সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত, দেব দর্শনের সময় কয়েক ঘণ্টা কমতে পারে

তিরুমালা, ১৯ নভেম্বরঃ তিরুপতি মন্দিরের পরিচালনাকারী প্রতিষ্ঠান তিরুমালা তিরুপতি দেবস্থানম সম্প্রতি একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছে। আর এই সিদ্ধান্ত সেই মন্দিরে কর্মরত অ-হিন্দু কর্মচারীদের জন্য বড় ধরনের পরিবর্তন আনতে চলেছে। সোমবার, তিরুমালা তিরুপতি দেবস্থানম বোর্ড একটি প্রস্তাব পাশ করেছে। সেই অনুযায়ী, মন্দিরে কর্মরত অ-হিন্দু কর্মচারীদেরকে স্বেচ্ছাবসর গ্রহণ করতে অথবা অন্ধ্রপ্রদেশ সরকারের অন্য কোনো দপ্তরে বদলি হতে হবে। এটি তিরুমালা মন্দিরের পরিচালনা ও প্রশাসনিক কাঠামোতে একটি বড় পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। তিরুমালা তিরুপতি দেবস্থানম যা বিশ্বের সবচেয়ে ধনী হিন্দু মন্দির, তিরুমালা ভেঙ্কটেশ্বর মন্দিরের ব্যবস্থাপনা পরিচালনা করে, একটি স্বাধীন সরকারী ট্রাস্ট হিসেবে কাজ করে। এটা কোনো নতুন সিদ্ধান্ত নয়। তিরুমালা মন্দিরে কর্মরত অ-হিন্দুদের সম্পর্কে বিতর্ক কিছুদিন ধরেই চলছিল। গত জুনে, অন্ধ্রপ্রদেশের চন্দ্রবাবু নাইডু সরকারের অধীনে এ ধরনের অভিযোগ উঠে, যেখানে হিন্দু কর্মচারীরা অভিযোগ করছিলেন যে, কিছু কর্মচারী অন্য ধর্মাবলম্বী। এই পরিস্থিতির মধ্যেই তিরুমালা তিরুপতি দেবস্থানম কর্তৃপক্ষ তাদের মন্দির পরিচালনা নীতি অনুযায়ী, তাদের প্রতিষ্ঠানে শুধুমাত্র হিন্দু ধর্মাবলম্বীদের কর্মচারী হিসেবে নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত নেয়। এই সিদ্ধান্তের পেছনে তিরুমালা তিরুপতি দেবস্থানম অ্যাক্ট এবং অন্ধ্রপ্রদেশ এন্ডাউমেন্টস

অ্যাক্ট এর বিধি রয়েছে, যা মন্দিরে কর্মরতদের জন্য ধর্মীয় সংক্রান্ত শর্ত আরোপ করে। কর্মচারী ইউনিয়নগুলোর পক্ষ থেকে এ সিদ্ধান্তের সমর্থন জানানো হয়েছে, যেহেতু তারা মনে করেন এটি অ্যাক্টের আওতায় রয়েছে এবং এটি পুরোপুরি কার্যকর হওয়া উচিত। একজন ইউনিয়ন প্রতিনিধি জানিয়েছেন, এটি পুরোপুরি কার্যকর করা উচিত। তিরুমালা তিরুপতি দেবস্থানম চেয়ারম্যান বিআর নায়ডু, যিনি অক্টোবর ৩১ তারিখে টিটিডি-এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তিনি প্রকাশ্যে বলেছেন যে, তিরুপতি মন্দির পরিচালনার জন্য শুধুমাত্র হিন্দু ধর্মাবলম্বীদের নিয়োগ করা উচিত। এই নির্দেশনা মন্দিরের ধর্মীয় গুরুত্ব বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ বলে তিনি মতামত প্রকাশ করেছেন। ভারতীয় সংবিধানের ধারা ১৬(৫) অনুসারে, ধর্মীয় প্রতিষ্ঠানে কর্মচারী নিয়োগের ক্ষেত্রে ধর্মীয় পরিচয় বিবেচনা করা বৈধ। একইভাবে অন্ধ্রপ্রদেশের চারিটেবল অ্যান্ড হিন্দু রিলিজিয়াস ইনস্টিটিউশনস অ্যান্ড এন্ডাউমেন্টস সাবর্ডিনেট সার্ভিস রুলস এর রুল ৩ অনুযায়ী, ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর কর্মচারীদেরকে হিন্দু ধর্মাবলম্বী হতে হবে। এই আইনি ভিত্তি গত বছরের নভেম্বরে অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের রায়ে আরও দৃঢ় হয়, যখন আদালত রুল ৩-কে সমর্থন করে নিশ্চিত করেছে যে, ট্রাস্ট বোর্ডগুলো তাদের কর্মচারী নির্বাচন ও শর্তাবলী নির্ধারণের অধিকার রাখে। যার মধ্যে কর্মচারীদের হিন্দু ধর্মাবলম্বী হওয়ার শর্তও অন্তর্ভুক্ত। তিরুমালা তিরুপতি দেবস্থানম-এর এই সিদ্ধান্তটি একটি বড় বিতর্কের জন্ম দিয়েছে। কিছু বিশেষজ্ঞ এবং মানবাধিকার সংগঠন এই পদক্ষেপকে সংবিধানবিরোধী এবং ধর্মীয় স্বাধীনতা লঙ্ঘন বলে মন্তব্য করেছেন। তবে অন্যদিকে, এই সিদ্ধান্তটি ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর অধিকার হিসেবে অনেকেই সমর্থন করেছেন। সেইসঙ্গে বলছেন যে, মন্দিরের আধ্যাত্মিক এবং ধর্মীয় পরিবেশ বজায় রাখতে এটি প্রয়োজনীয়। এখন পর্যন্ত, টিটিডি কর্তৃপক্ষের নেওয়া এই পদক্ষেপটি অনেক বিতর্কের সৃষ্টি করেছে। তবে এর পিছনে একটি স্পষ্ট আইনি এবং ধর্মীয় যুক্তি রয়েছে। তিরুমালা মন্দিরের পরিচালনার ক্ষেত্রে মন্দিরের ধর্মীয় গুরুত্ব ও ঐতিহ্য রক্ষা করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হতে পারে। যদিও এর বাস্তবায়ন ও প্রভাব ভবিষ্যতে কী হবে তা নিয়ে অনেক প্রশ্ন থেকে যাচ্ছে।

বিশ্ব মঞ্চে ভারতীয় নারীশক্তি দেখিয়েছেন লক্ষ্মীবাই, শ্রদ্ধা অমিত শাহর

কলকাতা, ১৯ নভেম্বর ঃ ঝাঁসির মহান যোদ্ধা রানি লক্ষ্মীবাইকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।মঙ্গলবার অমিতবাবু এক্সবার্তায় লিখেছেন, ঝাঁসির মহান যোদ্ধা রানি লক্ষ্মীবাই-এর অনন্য সাহসিকতা এবং বীরত্ব শুধুমাত্র ব্রিটিশ শাসনকেই চ্যালেঞ্জ করেনি, বিশ্ব মঞ্চে ভারতীয় নারীদের শক্তিও দেখিয়েছে। মাতৃভূমিকে রক্ষা করার জন্য নিজের জীবন উৎসর্গ করা রানি লক্ষ্মীবাই-এর সাহসিকতা আজও আমাদের জাতিকে রক্ষা করতে অনুপ্রাণিত করে। তাঁর সাহসিকতা এবং দেশপ্রেম চিরকাল প্রতিটি ভারতীয়ের হৃদয়ে বেঁচে থাকবে।প্রসঙ্গত, ব্রিটিশ শাসনকালে ১৮৫৭ সালের ভারতীয় বিদ্রোহের অন্যতম প্রতিমূর্তি ও পথিকৃ হয়ে রয়েছেন রানি লক্ষ্মীবাই।

স্বামীকে হারালেন মুনমুন প্রয়াত ভরত দেববর্মা, শোকাহত সেন পরিবার

কলকাতা, ১৯ নভেম্বর ঃ প্রয়াত সুচিত্রা সেনের জামাই, মুনমুন সেনের স্বামী ভরত দেববর্মা। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। হৃদরোগে আক্রান্ত হয়ে মঙ্গলবার সকালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মঙ্গলবার সকালে অসুস্থ হয়ে পড়েন ভরত। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় ঢাকুরিয়ার বেসরকারি হাসপাতালে।সেখান থেকে অ্যাম্বুল্যান্স আসার আগেই সব কিছু শেষ হয়ে যায়। ভরত দেববর্মার মৃত্যুর খবর নিশ্চিত করেন মেয়ে রাইমা সেন। মনে করা হচ্ছে, হৃদরোগে আক্রান্ত হয়েছিলেন ভরত দেববর্মা। তার জেরেই মৃত্যু। ত্রিপুরার রাজ পরিবারের সন্তান ভরত দেববর্মা। ১৯৭৮ সালে মুনমুন সেনের সঙ্গে তাঁর বিয়ে হয়। এক বছরের মাথাতেই রাইমা সেনের জন্ম হয়। তার বছর দুই পরে মুনমুন-ভরতের জীবনে আসে রিয়া।

বস্তারে সিআরপিএফ শিবিরে রাত কাটালেন মুখ্যমন্ত্রী সাই, রোপণ করলেন চারাগাছ

রায়পুর, ১৯ নভেম্বর ঃ মাওবাদী অধ্যুষিত ছত্তিশগড়ের বস্তারে সিআরপিএফ জওয়ানদের সঙ্গে রাত কাটালেন ছত্তিশগ।রে মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই। সোমবার রাতে বস্তারে একটি সিআরপিএফ ক্যাম্পে রাত কাটান মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই। এই সময়ে তিনি সিআরপিএফ জওয়ানদের সঙ্গে মতবিনিময় করেন। শোনেন তাঁদের মনের কথা।সারারাত সিআরপিএফ ক্যাম্পে কাটানোর পর মঙ্গলবার সকালে 'এক পে। মা কে নাম' কর্মসূচির অধীনে চারাগাছও রোপণ করেন মুখ্যমন্ত্রী সাই। সোমবার রাতে সিআরপিএফ ক্যাম্পে জওয়ানদের সঙ্গে মতবিনিময় করার পাশাপাশি ক্যাম্প ঘুরে দেখেন তিনি।

নাসিকের হোটেল থেকে উদ্ধার প্রায় দু' কোটি টাকা, শুরু তদন্ত

মুম্বই, ১৯ নভেম্বর ঃমহারাষ্ট্র বিধানসভা নির্বাচনের আগে বিপুল পরিমাণ নগদ উদ্ধার। মহারাষ্ট্রের নাসিক জেলায় একটি হোটেলের ঘর থেকে উদ্ধার হলো প্রায় দু কোটি টাকা। জানা গেছে, রেডিসন ব্লু নামে একটি হোটেলে অভিযান চালিয়ে ১ কোটি ৯৮ লাখ টাকা উদ্ধার করেছে পুলিশ। তদন্ত শুরু হয়েছে।জানা গেছে, নাসিকের হোটেল রেডিসন ব্লু-র একটি ঘরে বিপুল পরিমাণ টাকা থাকার বিষয়ে গোপন সূত্রে খবর পেয়েছিল নির্বাচন কমিশন। এই তথ্যের ভিত্তিতে নির্বাচন কমিশনের আধিকারিকরা পুলিশ নিয়ে হোটেলে তল্লাশি অভিযান চালায়। সেখান থেকেই অনেক বান্ডিল ৫০০ টাকার নোট বাজেয়াপ্ত করা হয়। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে বলে জানা গেছে।

গুজরাটের ভারুচে ট্রাক ও ভ্যানের সংঘর্ষে মৃত ৬, গুরুতর আহত ৪ জন

ভারুচ, ১৯ নভেম্বর ঃ গুজরাটের ভারুচ জেলায় ট্রাক ও ভ্যানের সংঘর্ষে প্রাণ হারালেন ৬ জন। ভয়াবহ এই দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও ৪ জন। মৃত ৬ জনের মধ্যে ৩টি শিশু রয়েছে। জাম্বুসার থানার ইন্সপেক্টর এ ভি পানামিয়া জানিয়েছেন, সোমবার রাত ১১টা নাগাদ মগনাদ গ্রামের কাছে জাম্বুসার-আমোদ সড়কে দুর্ঘটনাটি ঘটেছে, ভ্যানে চেপে ভেদাচ গ্রাম থেকে মোট ১০ জন শুক্লাতীর্থের

খাদ্য ও জ্বালানির সঙ্কট থেকে মুক্তির উপায় খুঁজতে হবে, জি-২০ বৈঠকে বার্তা প্রধানমন্ত্রীর

রিও ডি জেনিরো, ১৯ নভেম্বর ঃ খাদ্য, জ্বালানির সঙ্কট থেকে মুক্তির উপায় খুঁজতে হবে, জি-২০ সম্মেলনে বিশ্বনেতাদের সামনে এই বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশাপাশি ভারতের ' বিশ্ব, এক পরিবার, এক ভবিষ্য' ভাবনার কথা তুলে ধরলেন প্রধানমন্ত্রী। ব্রাজিলের রিও ডি জেনিরোতে জি-২০ শীর্ষ সম্মেলনে অনুন্নত দেশগুলির সমস্যার কথাও তুলে ধরেন তিনি। তাঁর মতে, বিশ্বের বিভিন্ন প্রান্তে দ্বন্দ্ব ও সংঘাতের কারণে খাদ্য, জ্বালানি এবং সারের সঙ্কটে পড়তে হচ্ছে ' সাউথ'-এর দেশগুলিকে।ক্ষুধা এবং দারিদ্রের বিরুদ্ধে লড়াই প্রসঙ্গে বক্তৃতা করছিলেন প্রধানমন্ত্রী। মোদীর মতে, খাদ্য, জ্বালানি এবং সারের সঙ্কটের প্রধান কারণ হল বিশ্বের বিভিন্ন প্রান্তে সংঘাতের পরিস্থিতি। এর জেরে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে ' সাউথ'। তাই এই দেশগুলির সমস্যার কথা বাদ দিয়ে কখনও আলোচনা সদর্থক হতে পারে না বলেই মনে করছেন প্রধানমন্ত্রী। ক্ষুধা এবং দারিদ্র দূরীকরণে ব্রাজিল আন্তর্জাতিক মঞ্চ স্থাপনে উদ্যোগী হয়েছে। ব্রাজিলের এই উদ্যোগকেও সাধুবাদ জানান মোদী।

জন্মজয়ন্তীতে ইন্দিরা গান্ধীকে শ্রদ্ধার্ঘ্য প্রধানমন্ত্রীর, পুষ্পার্ঘ্য নিবেদন খাড়গে ও

নয়াদিল্লি, ১৯ নভেম্বর ঃ জন্মজয়ন্তীতে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে শ্রদ্ধা নিবেদন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মঙ্গলবার সকালে নিজের এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী জিকে জন্মজয়ন্তীতে শ্রদ্ধাঞ্জলি। ইন্দিরা গান্ধীকে শ্রদ্ধা নিবেদন করেছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন

খাড়গে এবং কংগ্রেস সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীও। এদিন সকালে দিল্লির শক্তি স্থলে ইন্দিরা গান্ধীর সমাধিস্থলে শ্রদ্ধা নিবেদন করেন খাড়গে ও রাহুল।ঠাকুমা ইন্দিরা গান্ধীর সঙ্গে ছোটবেলার একটি ছবি টুইটারে আপলোড করে রাহুল গান্ধী লিখেছেন, ঠাকুমা সাহসিকতা এবং ভালবাসা উভয়ের উদাহরণ ছিলেন। তাঁর কাছ থেকেই শিখেছি, নির্ভয়ে দেশের স্বার্থে চলাই আসল শক্তি। তাঁর স্মৃতিই আমার শক্তি, যা আমাকে সবসময় পথ দেখায়।

বায়ুদূষণে খারাপ পরিস্থিতি দিল্লিতে, অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত জামিয়া বিশ্ববিদ্যালয়ের

নয়াদিল্লি, ১৯ নভেম্বর ঃ বায়ুদূষণের জেরে অত্যন্ত খারাপ পরিস্থিতি রাজধানী দিল্লিতে। উদ্ভুত এই পরিস্থিতির প্রেক্ষিতে আগামী ২৩ নভেম্বর, শনিবার পর্যন্ত অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়। মঙ্গলবার দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়া ঘোষণা করেছে, শনিবার, ২৩ নভেম্বর পর্যন্ত অনলাইন মোডে ক্লাস পরিচালনা করা হবে। ২৫ নভেম্বর থেকে ফিজিক্যাল মোডে নিয়মিত ক্লাস

পুনরায় শুরু হবে। পরীক্ষা এবং ইন্টারভিউয়ের সময়সূচী অপরিবর্তিত থাকবে।দূষণ মোকাবিলায় দিল্লি সরকার সর্বোচ্চ নিয়ন্ত্রণবিধি জারি করেছে সোমবার থেকে। তার পরেও উন্নত হয়নি বাতাসের গুণমান। বরং আরও ভয়ানক পর্যায়ে পৌঁছেছে। মঙ্গলবার সকালে রাজধানী ও সংলগ্ন আনন্দ বিহার, অশোক বিহার, ধ্যানচাঁদ স্টেডিয়াম, জাহাঙ্গিরপুরী-সহ বেশির ভাগ পর্যবেক্ষণ কেন্দ্রে বাতাসের গুণমানের সূচক ৫০০ অতিক্রম করে গিয়েছে। রাজধানী ও সংলগ্ন অঞ্চলে বাতাসের গুণমান পর্যবেক্ষণের জন্য মোট ৩৫টি কেন্দ্র রয়েছে। তার মধ্যে বাতাসের গুণমান সূচক সবচেয়ে কম ছিল দ্বারকায় (৪৮০)। কিন্তু সেটিও ' ভয়ানক' পর্যায়ের উপরেই রয়েছে।

আধুনিক বাংলা গানের স্রষ্টা, গণ সংগীতের প্রণেতা সলিল চৌধুরী

মধুসূদন দে,বাঁকুড়াঃসন ১৯২৫ সাল। ১৯ শে নভেম্বর। সলিল চৌধুরী দক্ষিণ ২৪ পরগনা জেলার রাজপুর সোনারপুর অঞ্চলের গাজীপুরে এক হিন্দু কায়স্থ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর বাবার নাম জ্ঞানেন্দ্রময় চৌধুরী। বাবার কাছেই তাঁর সংগীত শিক্ষার হাতে খড়ি। তাঁর শৈশবের বেশিরভাগ সময় কেটেছে আসামের চা বাগানে।১৯৪৪ সালে পড়াশোনার জন্য কলকাতায় আসেন। এই সময় তিনি ভারতের কমিউনিস্ট পার্টির সাংস্কৃতিক শাখা ভারতীয় গণনাট্য সংঘ এ যোগদান করেন। এ সময় তিনি গণ সংগীত লিখতেন এবং এর জন্য সুর করা শুরু করেন।সলিল চৌধুরী ৭৫ টির বেশি হিন্দি চলচ্চিত্রে, ৪১ টির বেশি বাংলা চলচ্চিত্রে এবং ২৭টির বেশি মালয়ালাম চলচ্চিত্রে সংগীত পরিচালনা করেন। তিনি ১৩ টি ভাষায় সংগীত রচনা করেন।১৯৮৮ সালে তিনি সংগীত নাটক একাডেমী পুরস্কার পান। ১৯৯০ সালে মহারাষ্ট্র গৌরব পুরস্কার লাভ করেন।একজন ভারতীয় সংগীত পরিচালক ,সুরকার এবং গীতিকার। আধুনিক বাংলা গানের স্রষ্টা এবং গণসংগীত প্রণেতা হিসেবে একজন স্মরণীয় বাঙালি। তাঁর সঙ্গীত প্রতিভা ভারতীয় চলচ্চিত্র শিল্পে ব্যাপকভাবে স্বীকৃত। তাঁর মৌলিক কবিতাগুলির জন্য তিনি দারুণভাবে নন্দিত ও প্রশংসিত। ১৯৯৫ সালের ৫ ই সেপ্টেম্বর তিনি আমাদের ছেড়ে চলে গেছেন। কিন্তু তিনি তাঁর সংগীতের মাধ্যমে আজও আমাদের মনের মনিকোঠায় উজ্জ্বল হয়ে রয়েছেন। আজ ঊনিশে নভেম্বর , সলিল চৌধুরীর শুভ জন্মদিন। আমরা জানাই তাঁকে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।

অমৃতকালে আমি সব দেশবাসীকে আগামী ২৫ বছরে ভারতকে উন্নত করার সংকল্প

নয়াদিল্লি(পিআইবি),১৯ নভেম্বরঃ যেসব যুবক-যুবতী বন্ধুরা নিয়োগপত্র পাচ্ছেন তাঁদের জন্য এটি অবশ্যই একটি স্মরণীয় দিন, কিন্তু পাশাপাশি দেশের জন্যও এ এক ঐতিহাসিক দিন। ১৯৪৭ সালে আজকের দিনে অর্থা ২২ জুলাই ত্রিবর্ণ রঞ্জিত পতাকার বর্তমান স্বরূপকে সংবিধানে মান্যতা দেওয়া হয়েছিল। এই গুরুত্বপূর্ণ দিনে আপনারা সকলে সরকারি পরিষেবার সঙ্গে যুক্ত হওয়ার নিয়োগপত্র পেয়েছেন। এটি আপনাদেরকে বিশেষ প্রেরণা দেবে। আজাদি কা অমৃত মহোসবে যখন দেশ উন্নত হওয়ার লক্ষ্যে কাজ করে চলেছে তখন আপনাদের সরকারি চাকুরিতে আসা এক বিশেষ গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এটি আপনাদের পরিশ্রমের ফল। আমি যারা নিয়োগপত্র পেয়েছেন সেইসব যুবক-যুবতীদের ও তাদের পরিবার পরিজনকে অনেক অনেক অভিনন্দন জানাই, অনেক অনেক শুভ কামনাও জানাচ্ছি। বন্ধুগণ,স্বাধীনতার এই অমৃতকালে আমি সব দেশবাসীকে আগামী ২৫ বছরে ভারতকে উন্নত করার সংকল্প গ্রহণের আহ্বান জানাই। আগামী ২৫ বছর আপনাদের সকলের সঙ্গে জন্য যেমন গুরুত্বপূর্ণ তেমনই দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে সমগ্র বিশ্বে ভারতের প্রতি যে চিন্তাভাবনা তৈরি হয়েছে, বিশ্বাস জন্মেছে, আকর্ষণ তৈরি হয়েছে, এই সবকিছুর সম্পূর্ণ লাভ গ্রহন করতে হবে। আপনারা দেখেছেন যে ভারত মাত্র ৯ বছরে বিশ্বের অর্থ ব্যবস্থার তালিকায় ১০ নম্বর থেকে ৫ নম্বরে উঠে এসেছে। বর্তমানে প্রায় সব বিশেষজ্ঞরাই বলছেন, আগামী কয়েক বছরে ভারত দুনিয়ায় প্রথম তিনটি অর্থনীতির দেশের তালিকায় উঠে আসবে। প্রথম তিনটি অর্থনীতির দেশের তালিকায় উঠে আসা ভারতের জন্য এক অসামান্য সাফল্য হবে। কারণ সব ক্ষেত্রেই চাকুরির সম্ভাবনা বাড়বে, দেশের সাধারণ নাগরিকদের আয়ও বাড়বে। সব সরকারি কর্মচারীদের জন্যও এর থেকে বড় সুযোগ আর কিছু হতে পারেনা। আপনাদের সিদ্ধান্ত, আপনাদের পদক্ষেপ দেশহিতের জন্য, গুরুত্বপূর্ণ হয়ে উঠবে এবং দেশের উন্নয়নে গতি সঞ্চার করবে। এটাই আমি বিশ্বাস করি। এই সুযোগ, এই চ্যালেঞ্জ এবং এই সম্ভাবনা সবকিছুই আপনাদের সামনে রয়েছে। আপনারা এই অমৃতকালে দেশ সেবার বিশেষ সুযোগ পেয়েছেন। দেশের জনগণের জীবন সহজ করতে তাদের সমস্যার সমাধান করতে আপনাদের এগিয়ে আসতে হবে, এটাই হওয়া উচিত আপনাদের প্রাথমিক লক্ষ্য। আপনারা যে বিভাগেই নিয়োগপত্র পেয়ে থাকুন না কেন, যে শহর বা গ্রামেই তা হোক, সর্বদা এ কথা মনে রাখবেন যেন আপনাদের কাজের ফলে জনগণের জীবনযাপন সহজ হয়। জীবনযাত্রার সরলীকরণ হয়, পাশাপাশি আগামী ২৫ বছরের মধ্যে উন্নত ভারত তৈরির জন্য অনুকূল পরিস্থিতির সৃষ্টি হয়। কখনও কখনও আপনাদের ছোট্ট একটি প্রয়াস কারও কারও ক্ষেত্রে দীর্ঘ কয়েক মাসের প্রতীক্ষার অবসান ঘটাতে পারে। তাঁদের কোনো বিফল হতে যাওয়া কাজ সাফল্য অর্জন করতে পারে। আপনারা আমার একটি কথা অবশ্যই মনে রাখবেন, জনতা জনার্দন এবং তাঁরা ঈশ্বরেরই অন্য রূপ। জনগণের থেকে পাওয়া আশীর্বাদ, দেশের দরিদ্র শ্রেণীর থেকে পাওয়া আশীর্বাদ সর্বদাই ভগবানের আশীর্বাদের সমান হয়। এইজন্য আপনারা অন্যদের সাহায্য করার চিন্তাভাবনা নিয়ে কাজ করবেন। এরফলে আপনাদের যশ বৃদ্ধি পাবে। আপনারা নিজেরাও সন্তুষ্ট হবেন।বন্ধুগণ,আজকের এই অনুষ্ঠানে ব্যাঙ্কিং ক্ষেত্রে বহু মানুষ নিয়োগপত্র পেয়েছেন। অর্থ ব্যবস্থার উন্নয়নের জন্য আমাদের ব্যাঙ্কিং ক্ষেত্রের ভূমিকা গুরুত্বপূর্ণ। বর্তমানে ভারত সেই দেশগুলির মধ্যে অন্যতম যেখানে ব্যাঙ্কিং ক্ষেত্রকে সবচেয়ে গুরুত্বপুর্ণ বলে মনে করা হয়। কিন্তু ৯ বছর আগে পরিস্থিতি এমন ছিলনা। যখন ক্ষমতা দখলের স্বার্থ জনগণের উন্নয়নকে ছাপিয়ে যায় তখন সব কাজই নষ্ট হয়ে যায়। এর বেশ কিছু উদাহরণ আমরা চোখের সামনে দেখতে পেয়েছি। এই ব্যাঙ্কিং ক্ষেত্র পূর্ববর্তী সরকারের সময় এমন দূরবস্থায় পড়েছিল, আমরা প্রত্যেকেই তা প্রত্যক্ষ করেছি। আপনারা আজকাল ডিজিটাল যুগে রয়েছেন। মোবাইল ফোনের মাধ্যমে ব্যাঙ্কিং পরিষেবা গ্রহণ করেন। ফোনের মাধ্যমে ব্যাঙ্কের কাজকর্মও করেন। কিন্তু ৯ বছর আগে যে সরকার ক্ষমতায় ছিল তখন ফোনের মাধ্যমে ব্যাঙ্কের পরিষেবা পাওয়ার কল্পনাও কেউ করেনি। সম্পূর্ণ কর্মপদ্ধতিই ছিল আলাদা। সেইসময় আপনাদের মতো সাধারণ জনগণের জন্য ফোনের মাধ্যমে ব্যাঙ্কিং পরিষেবা চালু ছিল না। দেশের ১৪০ কোটি মানুষ এই পরিষেবা পাননি। সেইসময় একটি বিশেষ পরিবারে ঘনিষ্ঠ কিছু শক্তিশালী নেতা ব্যাঙ্কে ফোন করে নিজেদের পছন্দের মানুষকে হাজার কোটি টাকা ঋণ দেওয়ার ব্যবস্থা করতেন। এই ঋণগুলি কখনই পরিশোধ করা হয়নি। কাগজেই কেবল কাজ হতো। ঋণ পরিশোধ করার জন্য পুনরায় ব্যাঙ্ককে ফোন করে দ্বিতীয়বার ঋণ, দ্বিতীয়বার নেওয়া ঋণ পরিশোধের জন্য তৃতীয় বার ঋণ এভাবেই চলতো ঋণের পর ঋণ গ্রহণ। এই ফোনের মাধ্যমে ব্যাঙ্কিং পরিষেবার কেলেঙ্কারি পূর্ববর্তী সরকারের সবচেয়ে বড় দূর্নীতির মধ্যে অন্যতম। পূর্ববর্তী সরকারের এই দুর্নীতির জন্য দেশের ব্যাঙ্কিং ব্যবস্থা দুর্বল হয়ে পড়েছিল। ২০১৪ সালে আপনারা আমাদেরকে ক্ষমতায় এনে দেশের সেবা করার সুযোগ দিয়েছেন। ২০১৪ সালে ক্ষমতায় আসার পর আমরা এই পরিস্থিতি থেকে ব্যাঙ্কিং ক্ষেত্রকে এবং দেশকে উদ্ধার করেছি। একের পর এক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে পরিস্থিতির উন্নতি হয়েছে। আমরা সরকারি ব্যাঙ্কগুলিতে ম্যানেজমেঃটকে মজবুত করেছি। পেশাদারিত্বের ওপর জোর দিয়েছি। আমরা দেশের ছোট ছোট ব্যাঙ্কগুলিকে একত্রিত করে বড় ব্যাঙ্ক তৈরি করেছি। আমরা এটি সুনিশ্চিত করেছি যে ব্যাঙ্কে সাধারণ নাগরিকের ৫ লক্ষ টাকা পর্যন্ত অর্থ কখনও হারিয়ে না যায়। কেননা ব্যাঙ্কের প্রতি সাধারণ নাগরিকের বিশ্বাস মজবুত করা অত্যন্ত জরুরি ছিল। বেশ কিছু কর্পোরেট ব্যাঙ্ক তখন ডুবতে বসেছিল। সাধারণ জনগণের পরিশ্রমের অর্থ ডুবে যাচ্ছিল, এইজন্য আমরা এই সীমা ১ লক্ষ থেকে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করেছি। এর ফলাফল এখন আপনাদের সামনে। যেসব সরকারি ব্যাঙ্কের হাজার কোটি টাকা ক্ষতি নিয়ে আলোচনা হত বর্তমানে সেইসব ব্যাঙ্কেরই রেকর্ড পরিমান মুনাফা নিয়ে আলোচনা হয়।বন্ধুগণ,ভারতের মজবুত ব্যাঙ্কিং ক্ষেত্র এবং ব্যাঙ্কের প্রত্যেক কর্মচারি বিগত ৯ বছরে সরকারের দৃষ্টিভঙ্গীর সঙ্গে সাযুজ্য রেখে কাজ করেছেন। এইজন্য আমরা সকলে গর্বিত। ব্যাঙ্কে কর্মরত আমার সব কর্মচারী ভাই-বোনেদের তাঁদের কঠোর পরিশ্রমের মাধ্যমে এই সংকট থেকে ব্যাঙ্কিং ক্ষেত্রকে বের করে আনার জন্য এবং দেশের অর্থ ব্যবস্থাকে মজবুত করার জন্য ধন্যবাদ জানাই। ব্যাঙ্কের কর্মচারীরা কখনও আমার লক্ষ্যকে ভ্রষ্ট হতে দেননি। আমার চিন্তাভাবনাকেও নিরাশ করেননি। আমার মনে আছে যখন জনধন যোজনা শুরু হয়েছিল তখন পুরনো ধ্যান ধারনার মানুষ এই বিষয়টিতে প্রশ্নের পর প্রশ্ন তোলেন। যেসব দরিদ্র মানুষের কাছে অর্থ নেই তারা ব্যাঙ্কে অ্যাকাউন্ট খুলে কী করবেন? সেই প্রশ্ন ওঠে বার বার। ব্যাঙ্কের ওপর অযথা চাপ বাড়বে, ব্যাঙ্কের কর্মচারীরা কী করে কাজ করবেন সেই প্রশ্নও উঠেছিল। নানাভাবে নিরাশাজনক কথা ছড়িয়ে দেওয়া হয়। কিন্তু আমার ব্যাঙ্কের বন্ধুরা দরিদ্র শ্রেণীর জনগণের জন্য জনধন অ্যাকাউন্ট খুলেছেন। এরজন্য তাঁরা দিন-রাত এক করে কাজ করেছেন। বস্তিতে গিয়েও ব্যাঙ্কের কর্মচারিরা অ্যাকাউন্ট তৈরি করেছেন। বর্তমানে দেশের প্রায় ৫০ কোটি জনধন ব্যাঙ্ক অ্যাকাউন্ট রয়েছে। এর পিছনে ব্যাঙ্ক কর্মচারীদের পরিশ্রম বিশেষভাবে জড়িত আছে। এই ব্যাঙ্ক কর্মচারীরা যে পরিশ্রম করেছেন তার ফলেই করোনাকালে সরকার কোটি কোটি মহিলার ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা পাঠাতে পেরেছে।বন্ধুগণ,কিছু কিছু মানুষ কোনো কিছু শুরুর আগে থেকেই অভিযোগ করতে শুরু করেন। সে রকমই অভিযোগ উঠেছিল আরও একটি। বলা হয় আমাদের ব্যাঙ্কিং ব্যবস্থায় অসংগঠিত ক্ষেত্রের জনগণকে সাহায্য করার জন্য কোনো সংস্থান নেই। পূর্ববর্তী সরকারের সময় কী হয়েছিল তা তো আপনারা ভালোভাবেই জানেন। কিন্তু ২০১৪ সালের পর পরিস্থিতি আর এমনটা নেই। সরকার মুদ্রা যোজনার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিনা গ্যারান্টিতে ঋণ দেওয়ার ব্যবস্থা চালু করেছেন। সরকার মহিলা স্বনির্ভর গোষ্ঠীর জন্য ঋণের পরিমান দ্বিগুণ করেছে। ব্যাঙ্কের কর্মচারীরাই তখন অধিক থেকে অধিকতর স্বনির্ভর গোষ্ঠীর জনগণকে আর্থিক সাহায্য পৌঁছে দিয়েছেন। সরকার যখন কোভিড কালে এমএসএমই ক্ষেত্রকে সাহায্য করার সিদ্ধান্ত নেয় তখন এই ব্যাঙ্ক কর্মীরাই বেশি পরিমান ঋণ দিয়ে এমএসএমই ক্ষেত্রকে রক্ষা করতে সাহায্য করেন। তাঁদের পরিশ্রমের ফলে দেড় কোটির বেশি উদ্যোগপতির রোজগার হারানোর সম্ভাবনা রক্ষা করা যায়। সরকার যখন কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি অর্থ পাঠানোর জন্য প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনা শুরু করে তখন ব্যাঙ্ক কর্মীরাই প্রযুক্তির সাহায্যে এই প্রকল্পকে সফল করার সব রকম চেষ্টা চালান।যখন সরকার ফুটপাথ-এ বসে যারা নিজেদের পণ্য বিক্রি করেন সেইসব বিক্রেতাদের জন্য স্বনিধি যোজনা শুরু করে তখন আমাদের এই ব্যাঙ্ক কর্মীরাই তাদের দরিদ্র মা-বোনেদের জন্য কঠোর পরিশ্রম করেন। কিছু কিছু ব্যাঙ্কের শাখায় তো এই ধরনের জনগণকে খুঁজে বের করে এই প্রকল্পের আওতায় আনার কাজ করা হয়। হাতে ধরে তাদের ঋণ দেওয়ার কাজ

দূষণে দুর্বিষহ অবস্থা দিল্লিতে, জনসাধারণের হাত মাস্ক তুলে দিলেন মনোজ তিওয়ারি

নয়াদিল্লি, ১৯ নভেম্বর মঙ্গলবারও ' ভয়ানক' দিল্লির বাতাস। বাতাসের গুণমান সূচক প্রায় ৫০০ ছুঁইছুঁই। সকাল থেকে ধোয়াঁশার চাদরে ঢেকে রয়েছে রাজধানী দিল্লি এবং সংলগ্ন এলাকা। কমেছে দৃশ্যমানতা। দূষণ থেকে রেহাই পেতে এখন ভরসা মাস্ক। সাধারণ মানুষের কষ্টের কথা মাথায় রেখে তাই মঙ্গলবার সকালে সাধারণ মানুষের হাতে মাস্ক তুলে দিলেন বিজেপি সাংসদ মনোজ তিওয়ারি। এদিন সকালে দিল্লির রাজীব চক মেট্রো স্টেশনের বাইরে সাধারণ জনসাধারণের হাতে মাস্ক তুলে দেন মনোজ তিওয়ারি।দিল্লির আম আদমি পার্টির সরকারকে তীব্র ভর্সনা করে মনোজ তিওয়ারি বলেছেন, জরুরি অবস্থা জারি করার মতো পরিস্থিতি। এএপি এবং অরবিন্দদ কেজরিওয়ালের সরকার ভুল করেছে, কিন্তু এর পরিণতি দিল্লির জনগণকে ভুগতে হচ্ছে। আমার মতে, এখনই সবাইকে জেগে ওঠা দরকার। আমরা মাস্ক পরার বিষয়ে সচেতনতা তৈরি করার চেষ্টা করছি, কিন্তু একটি সুনির্দিষ্ট সমাধান হওয়া দরকার, যা শুধুমাত্র বিজেপিই দিতে পারে। আমি প্রত্যেককে আগামী দিনগুলিতে মাস্ক পরার জন্য অনুরোধ করছি এবং ভবিষ্যতে বিজেপিকে একটি সুযোগ দিন, যাতে আমরা দিল্লিকে মাস্ক পরা থেকে বিরত রাখতে পারি।

মহারাষ্ট্রে আইনশৃঙ্খলা পরিস্থিতি পুরোপুরি ভেঙে পড়েছেঃসঞ্জয় রাউত

মুম্বই, ১৯ নভেম্বর ঃ এনসিপি-এসসিপি নেতা অনিল দেশমুখের গাড়িতে হামলা ও তিনি আহত হওয়ার ঘটনায় মহারাষ্ট্র সরকারের তীব্র সমালোচনা করলেন শিবসেনা (উদ্ধব শিবির) নেতা সঞ্জয় রাউত। তাঁর কথায়, মহারাষ্ট্রে আইনশৃঙ্খলা পরিস্থিতি পুরোপুরি ভেঙে পড়েছে। মঙ্গলবার মুম্বইয়ে এক সাংবাদিক সম্মেলনে সঞ্জয় রাউত বলেছেন, মহারাষ্ট্রে আইনশৃঙ্খলা পুরোপুরি ভেঙে পড়েছে। নির্বাচনের সময় মহারাষ্ট্রে এর আগে কখনও এমন হিংসা ঘটেনি। দেবেন্দ্র ফড়নবিস বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী (রাজ্যের)। রাজ্যের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রীকে হত্যার ষড়যন্ত্র হয়েছে। এর জন্য কে দায়ী?সঞ্জয় রাউত আরও বলেছেন, প্রথমত, এর জন্য দায়ী নির্বাচন কমিশন। মহারাষ্ট্রের অবস্থা খারাপ হয়ে গিয়েছে। আমি বিশ্বাস করি দেবেন্দ্র ফড়নবিস ২ বছরে মহারাষ্ট্রের

আইনশৃঙ্খলা নষ্ট করে দিয়েছেন। বাবা সিদ্দিকীর মতো একজন প্রাক্তন মন্ত্রীকে মুম্বইয়ের রাস্তায় খুন করা হয়েছে। যেভাবে (রাজ্যের) প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী অনিল দেশমুখকে আক্রমণ করা হয়েছে এবং খুনের চেষ্টা করা হয়েছে - দেবেন্দ্র ফড়নবিসকেই জবাবদিহি করতে হবে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ, বুধবার, ইংরেজীঃ১৯ নভেম্বর ২০২৪, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ২৯ কার্ত্তিক, চান্দ্রঃ ১৩ কেশব মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্ব, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১ অগ্রহায়ণ ১৪৩১, ভারতীয় সিভিলঃ ১ অহ্গ্রহায়ণ কার্ত্তিক ১৯৪৬,মৈতৈঃ ১৩ হিয়াঙ্গৈ, আসামঃ২৮ কাতি, মুসলিমঃ১২-জমাদিউল-আউয়াল-১৪৪৬ হিজরী।সূর্য উদয়ঃসকাল ০৫ঃ৫১ঃ১৩ এবং অস্তঃবিকাল ০৪ঃ৫০ঃ১৫।চন্দ্র উদয়ঃবিকাল ০৩ঃ৩২ঃ২৬(১৪) এবং অস্তঃশেষ রাত্রি ০৪ঃ৫৫ঃ৩৯(১৪)।শুক্ল পক্ষ ।তিথিঃ চতুর্দশী (রিক্তা) শেষ রাত্রি ঘ ০৫ঃ২৭ঃ৩৮ দং ৫৮৫৯১২.৫ পর্যন্তনক্ষত্রঃঅশ্বিনী রাত্রিঃ১২ঃ১৬ঃ৫৬ দং ৪৬২২৭.৫ পর্যন্ত পরে ভরণীকরণঃগর রাত্রিঃ০৬ঃ৩৭ঃ২৮ দং ৩১৫৫২২.৫ পর্যন্ত পরে বণিজযোগঃসিদ্ধি সকাল ঘ ১১ঃ২৬ঃ৩৩ দং ১৩৫৮৫ পর্যন্ত পরে ব্যতীপাতঅমৃতযোগঃদিন ০৫ঃ৫১ঃ১৯ থেকে - ০৭ঃ১৯ঃ১১ পর্যন্ত, তারপর ০১ঃ১০ঃ৪০ থেকে - ০২ঃ৩৮ঃ৩২ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ৪২ঃ২৪ থেকে - ০৯ঃ১০ঃ৪০ পর্যন্ত, তারপর ১১ঃ৪৬ঃ৫২ থেকে - ০৩ঃ১৫ঃ০৭ পর্যন্ত, তারপর ০৪ঃ০৭ঃ১১ থেকে - ০৫ঃ৫১ঃ১৯ পর্যন্ত। কুলিকবেলাঃদিন ০৯ঃ৩০ঃ৫৯ থেকে - ১০ঃ১৪ঃ৫৫ পর্যন্ত।কুলিকরাত্রিঃ ০৮ঃ১৮ঃ৩৬ থেকে - ০৯ঃ১০ঃ৪০ পর্যন্ত। কালবেলাঃদিন ০২ঃ০৫ঃ৩৫ থেকে - ০৩ঃ২৭ঃ৫৮ পর্যন্ত। বারবেলাঃদিন ০৩ঃ২৭ঃ৫৮ থেকে - ০৪ঃ৫০ঃ২০ পর্যন্ত।কালরাত্রিঃ১১ঃ২০ঃ৫০ থেকে - ১২ঃ৫৮ঃ২৭ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ৬২৮২১৪২ (১৬) ৩ পদচন্দ্রঃ ০১৫৩৬৫৮ (২) ১ পদমঙ্গলঃ ৩৬৫৩১৭ (৮) ২ পদবুধঃ ৭১৯৫৩২৫ (১৮) ১ পদবৃহস্পতিঃ ১২৬৬২৫ (৫) ১ পদশুক্রঃ৮৯৭৩৮ (১৯) ৩ পদশনিঃ১০১৫১১৫৫ (২৪) ৩ পদরাহুঃ১১১২৪২৮ (২৬) ৩ পদকেতুঃ৫১২৪২৮ (১৩) ১ পদবৃহস্পতি বক্রি।লগ্নঃতুলা রাশি সকাল ০৬ঃ০১ঃ৫৪ পর্যন্ত। বৃশ্চিক রাশি সকাল ০৮ঃ১৭ঃ৩৯ পর্যন্ত। ধনু রাশি সকাল ১০ঃ২২ঃ৫৭ পর্যন্ত। মকর রাশি সকাল ১২ঃ০৯ঃ৫০ পর্যন্ত। কুম্ভ রাশি দুপুর ০১ঃ৪৩ঃ১৪ পর্যন্ত। মীন রাশি দুপুর ০৩ঃ১৪ঃ১৭ পর্যন্ত। মেষ রাশি বিকাল ০৪ঃ৫৪ঃ৫১ পর্যন্ত। বৃষ রাশি বিকাল ০৬ঃ৫৩ঃ১৪ পর্যন্ত। মিথুন রাশি রাত্র ০৯ঃ০৬ঃ৩৫ পর্যন্ত। কর্কট রাশি রাত্র ১১ঃ২২ঃ১৭ পর্যন্ত। সিংহ রাশি শেষ রাত্রি ০১ঃ৩৩ঃ৩৮ পর্যন্ত। কন্যা

IIFL FINANCE
CIN: L67100MH1995PLC093797
Regd. Office: IIFL House, Sun Infotech Park, Road No. 16V, Plot No.B-23, Thane Industrial Area, Wagle Estate, Thane - 400604
Tel: (91-22) 41035000 • Fax: (91-22) 25806654
E-mail: reach@iifl.com • Website: www.iifl.com

সোনার অলঙ্কারের ই-অকশন-এর পাবলিক নোটিশ

[illegible] https://gold.samil.in [illegible] 23.11.2024 [illegible] 03.12.2024 [illegible]

[illegible] GL22519166, GL22747562, GL22791709, GL23319224, GL29184065, GL29201314, GL29267909, GL29394473, GL29505691, GL29524013, GL32103615, GL32124145, GL32518619, GL32934725, GL32942997, GL32956409, GL32956931, GL33190106.

[illegible] GL22737933, GL26718311, GL26735850, GL27544090, GL27552004, GL29233837, GL29264159, GL29275676, GL29317007, GL29325259, GL29389509, GL29394189, GL29469125, GL29470130, GL29474817, GL29475363, GL29538363, GL29546321, GL29724981, GL29745364, GL29776867, GL29790764, GL29797847, GL29811841, GL29820159, GL31031735, GL31215426, GL31808060, GL32648081, GL32662391, GL32971486, GL32984437, GL33090836, GL33119444, GL33310304, GL33319458, GL33328180, GL33353568, GL33551305, GL33567678.

[illegible] GL22014254, GL22493904, GL22580572, GL22648254, GL22667483, GL22771796, GL23050835, GL23091608, GL23636949, GL25279177, GL27200416, GL27219088, GL27602093, GL27613128, GL28688520, GL29192029, GL29261117, GL29277727, GL29364476, GL29372386, GL29394299, GL29418771, GL29435340, GL29437963, GL29448167, GL29448892, GL29457193, GL29466754, GL29475114, GL29475447, GL29505721, GL29505794, GL29523528, GL29524056, GL29529310, GL29546462, GL29559602, GL29628737, GL29637772, GL29641243, GL29661722, GL29728531, GL29747286, GL29781614, GL29782058, GL29794947, GL29795578, GL30242463, GL31292298, GL31664140, GL31677118, GL31883121, GL32460125, GL32938452, GL32956452, GL33003090, GL33008852, GL33016279, GL33017127, GL33026686, GL33054349, GL33065784, GL33086361, GL33109311, GL33120419, GL33134501, GL33148389, GL33191739, GL33216727, GL33233978, GL33249109, GL33265536, GL33341909, GL33351581, GL33417010, GL33418245, GL33429760, GL33442027, GL33448689, GL33460728, GL33489323, GL33513088, GL33623677, GL33639814, GL33644579.

[illegible] GL18814995, GL22553132, GL22864772, GL22866442, GL27073746, GL28781657, GL29067336, GL29482538, GL29499162, GL29576390, GL29583128, GL33218015, GL33237024, GL33243119, GL33256101, GL33265377, GL33266774, GL33360907, GL33373085, GL33557245, GL33566995.

[illegible] GL29694376, GL29707440, GL30366048, GL30978133, GL32759083, GL32774767, GL33164077, GL33309319, GL33322788, GL33528326, GL33540608.

[illegible] GL29186540, GL29263504, GL29275459, GL29443817, GL29448340, GL29457141, GL29475363, GL29514816, GL29518575, GL29524144, GL29524286, GL29584001, GL29633688, GL29637779, GL29720130, GL29739127, GL29746045, GL29841789, GL30983648, GL32784589, GL32802365, GL32851777, GL32861171, GL33128405, GL33150178, GL33202454, GL33209071, GL33524761.

[illegible] GL21469572, GL22712657, GL22728755, GL22746969, GL22970204, GL23026304, GL25954697, GL25975252, GL27355461, GL27407352, GL27422154, GL27596060, GL27610394, GL27724443, GL27727085, GL27747505, GL27747928, GL28999481, GL29058856, GL29073351, GL29183762, GL29201182, GL29209663, GL29226918, GL29271436, GL29274632, GL29410310, GL29425998, GL29430249, GL29448585, GL29486844, GL29499932, GL29517331, GL29523374, GL29542648, GL29561345, GL29568411, GL29691823, GL29707181, GL29722340, GL29724506, GL29749600, GL29750061, GL29755099, GL29771930, GL29782630, GL29795386, GL31361260, GL31793294, GL32914802, GL32924095, GL32966766, GL32989083, GL33141658, GL33151697, GL33184247, GL33257747, GL33266131, GL33365557, GL33367526, GL33372856, GL33383242, GL33407723, GL33423236, GL33449900, GL33499404, GL33516193, GL33648145.

[illegible] GL29430960, GL29437857, GL29449059, GL32960454, GL32987558, GL33420412, GL33430954, GL33520921, GL33541099.

[illegible] GL28995368, GL30273512, GL31238211, GL31252408, GL33006315, GL33016954, GL33032161, GL33039016, GL33053830, GL33054524, GL33192289, GL33386747, GL33469748.

[illegible]

তারিখ: 20.11.2024
স্থান: মালদা

Sd/
অনুমোদিত স্বাক্ষর
আইআইএফএল ফাইনান্স লিমিটেড

লিলুয়ার কোনা একসরা ব্রিজে মর্মান্তিক পথ দুর্ঘটনা

দুরন্ত বার্তা, লিলুয়া, ১৯ নভেম্বর ঃ লিলুয়ার কোনা একসরা ব্রিজে এক মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু হলো বাইক আরোহী এক যুবকের। মঙ্গলবার সকালে ওই দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, এদিন ডানকুনির দিক থেকে ধূলাগোড়ের দিকে যাচ্ছিলেন ওই বাইক আরোহী যুবক। সে সময় নিয়ন্ত্রণ হারিয়ে পিছন থেকে ধাক্কা মারে একটি গাড়ি। ঘাতক গাড়ি ও চালকের খোঁজে ইতিমধ্যেই তল্লাশি শুরু করেছে লিলুয়া থানার পুলিশ। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠানো হয়েছে। পথ দুর্ঘটনা রুখতে পুলিশ বিভিন্ন পদক্ষেপ নিলেও বেপরোয়া গাড়ি চালকদের জন্যই বারবার দুর্ঘটনা ঘটছে বলে অভিযোগ সাধারণ মানুষের। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত বাইক বাইক আরোহীর নাম মন্নু মিশ্র (২৫)। তাঁর বানি হুগলির শ্রীরামপুরে। পুলিশ জানিয়েছে, মৃত বাইক আরোহীর মাথায় হেলমেট ছিল। সম্ভবত গাড়ির ধাক্কায় বেশ কিছুটা দূরে ছিটকে পড়েই দুর্ঘটনায় তাঁর মৃত্যু হয়। পুলিশ সিসিটিভি ফুটেজ পরীক্ষা করে দেখছে। দুর্ঘটনার কারণে কোনা একসরা ব্রিজে এদিন সাময়িক যানজটের সৃষ্টি হয়।

ওয়েব ভিত্তিক লোন ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করবে রাজ্য

দুরন্ত বার্তা, ১৯ নভেম্বর ঃ রাজ্যের রুগ্ন শিল্প সংস্থাগুলিকে চাঙ্গা করে তোলার লক্ষ্যে ঋন দেওয়ার প্রক্রিয়াকে আরও মসৃন করে তুলতে রাজ্য সরকার ওয়েব ভিত্তিক একটি লোন ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করেছে। তথ্য প্রযুক্তি দপ্তরের মন্ত্রী বাবুল সুপ্রিয় আজ কলকাতার শিল্প সদনে আয়োজিত এক অনুষ্ঠানে এই সফটওয়্যার টির সূচনা করেন। এই ধরনের রুগ্ন শিল্প সংস্থাগুলিকে ঋন দেওয়ার জন্যে অনলাইনে এনওসি প্রদান, এই সফটওয়্যার এর মাধ্যমে ঋনের জন্যে আবেদন করা সংস্থাগুলি তাদের বর্তমান স্ট্যাটাস জানা সহ সব ধরনের স্বচ্ছতা বজায় রাখা সম্ভব হবে বলে রাজ্যের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

ডিরেক্টরেট সাধারণ পুনর্বাসন
প্রতিরক্ষা মন্ত্রণালয়

কর্মমেলা ঃ কলকাতা

২৯ নভেম্বর ২৪. সকাল ০৭.০০ টায়
রেজিস্ট্রেশন চলবে বেলা ১০টা পযন্ত
ভেন্যু-সল্টলেক আর্মি ক্যাম্প (নিক্কো পার্কের নিকটে)
সল্টলেক সেক্টর ৫, কলকাতা

প্রয়োজনীয় নথিপত্র ঃ

ইএসএম আই কার্ড এবং ৫ কপি ফটোগ্রাফ সহ সর্বশেষ সিভি / বায়ো ডাটা

ইএসএম চাকরিপ্রার্থীদের জন্য সুবিধা

শীর্ষস্থানীয় পিএসইউ / কর্পোরেট (নিয়োগদাতা) থেকে নিয়োগকারীদের সাথে যোগাযোগ
ঝামেলা মুক্ত নিয়োগ প্রক্রিয়া একাধিক কাজের সুযোগে কোনো খরচ নেই
আগ্রহী ইএসএম এছাড়াও এখানে নিবন্ধন করতে পারেনঃ kolkatajobfair29nov24@grnail.com

নিয়োগকারীদের জন্য সুবিধা

ভেটেরান্স ট্যালেন্ট পুলে বিনামূল্যে অ্যাক্সেস
অনলাইনে নিবন্ধন করুন এবং www.dgrindia.gov.in-এ
আপনার কোম্পানির স্টল বুক করুন। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ

আরও প্রশ্ন ও সহায়তার জন্য, যোগাযোগ করুন

যুগ্ম পরিচালক (সিই ও সিআই) ডিরেক্টরেট জেনারেল রিসেটেলমেন্ট
পশ্চিম ব্লক ৪, আরকে পুরম, নিউ দিল্লি-১১০০৬৬
টেলিফোনঃ(অফিস) ০১১-২০৮৬২৫৪২

ইমেলঃ seopadgr@desw.gov.in
ওয়েব সাইট ঃ http://www.dgrindia.gov.in

ডিআরজেড (পূর্ব) কলকাতা
টেলিফোনঃ০৩৩-২৯৫৩০১৯৫
ই-মেইলঃdrzekoldesw.gov.in
ইএসএম এবং স্থান অনুসন্ধান
ওআইসিঃ ৭২১৭৩৬১৩৯৯
জেসিও আইসিঃ ৯৬৮২৫৫১৮৭৪

CBC 10401/11/0015/2425

IIFL FINANCE

CIN: L67100MH1995PLC093797
Regd. Office: IIFL House, Sun Infotech Park, Road No. 16V,
Plot No.B-23, Thane Industrial Area, Wagle Estate, Thane - 400604
Tel: (91-22) 41035000 • Fax: (91-22) 25806654
E-mail: reach@iifl.com • Website: www.iifl.com

